

পাবিপ্রবিতে কর্মচারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতি

পাবনা প্রতিনিধি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) কর্মচারীরা ১১ দফা দাবিতে সোমবার সকাল থেকে অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেছেন। একইসাথে তারা বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রারসহ অপর অফিসের কর্মকর্তাদের অবরুদ্ধ করে রাখেন।

সম্প্রতি কয়েকটি বিজ্ঞপ্তির মাধ্যমে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের অনুকূলে ৭ জন শিক্ষক, ৮ জন কর্মকর্তা, ২৩ জন স্টাফ এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির ৩৪ জন কর্মচারী নিয়োগ দেয়া হয়। রোববার সকালে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীরা যোগদান করেন। কর্মচারীরা এ খবর জানার পর সোমবার সকাল ১০টা থেকে অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেন। তারা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ইউনিট-১ এর সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। এ সময় কয়েকজন কর্মকর্তা অফিসে গেলে তাদের সঙ্গে আন্দোলনকারীদের বচসা হয়। একপর্যায়ে আন্দোলনকারীরা প্রশাসনিক ভবনের

নামনের রাস্তায় অবস্থান নিলে ডেপুটি রেজিস্ট্রারসহ ওই অফিসের কর্মকর্তারা অবরুদ্ধ হয়ে পড়েন। বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতির সভাপতি এটিএম আতিকুর রহমান জানান, দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত কর্মবিরতি পালনসহ আন্দোলন কর্মসূচি অব্যাহত থাকবে। পাবিপ্রবির প্রক্টর মোহাম্মদ কমেজ্জামান জানান, কর্মচারীদের দাবির পরিপ্রেক্ষিতে ৭ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা তাদের দাবির বিষয়গুলো এবং নিয়মনীতি বর্তিয়ে দেখে পরবর্তী সিদ্ধান্ত জানাবেন।

এদিকে, ডেপুটি রেজিস্ট্রার বিজ্ঞান কুমার ব্রহ্ম জানান, বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও প্রশাসনিক কর্মকাণ্ড পুরোদমেই চলছে। অবশ্য নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন কর্মকর্তা জানান, তারা এক ধরনের অবরুদ্ধ হয়েই আছেন। অফিসকক্ষে প্রবেশে বাধা দেয়া হচ্ছে, এমনকি বিচ্ছিন্ন কর্মচারীরা বিদ্যুতের মেইন সুইচ অফ করে দিয়েছেন।